

জি-৩৪৬/২২-(১২X৩)

16.02.2022
Sudatta Chakma
Secretary
Information Commission
Phone:02-41024625

বড় ভাই আতাউর জঙ্গতনামাদের
আসামি করে সদর থানায় হত্যা মামলা
করেন। মঙ্গলবার রাতব্যাপী অভিযান
চালিয়ে উল্লিখিত তিনজনকে গ্রেফতার
করা হয়। আসামিদের অধিকতর
জিজ্ঞাসাবাদের জন্য আদালতে সাত
দিনের রিমান্ড আবেদন করা হবে।



জয়িতা ফাউন্ডেশন

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
কনকর্ড রয়্যাল কোর্ট (৬ষ্ঠ তলা), ২৭৫/জি
রোড-২৭ (পুরাতন), খানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯
www.joyeeta.gov.bd



স্মারক নং: জঃ/ফাঃ/আর্থিক প্রণোঃ/অনুদান/বরাদ্দ/৩৫১/২০২১- ১৬০

তারিখ: ১৬/০২/২০২২ খ্রিঃ

করোনা মহামারিতে ক্ষতিগ্রস্ত নারী উদ্যোক্তাদের নিকট হতে প্রণোদনা ঋণের দরখাস্ত আহ্বান

করোনা পরিস্থিতিতে দেশের অর্থনৈতিক পুনরুদ্ধার ত্বরান্বিত করা এবং পল্লী এলাকার প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে সরকারের দ্বিতীয় দফার প্রণোদনার আওতায় জয়িতা ফাউন্ডেশনের মাধ্যমে নারী উদ্যোক্তাদের অনুকূলে ৪% সুদে ঋণ বিতরণ করা হবে। ঋণের পরিমাণ হবে সর্বনিম্ন ৫০ (পঞ্চাশ) হাজার টাকা হতে সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত এবং ঋণ পরিশোধের সময়সীমা সর্বোচ্চ ২ (দুই) বছর, যা ৬ (ছয়) মাসের গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ১৮ (আঠার) টি সমান মাসিক কিস্তিতে আদায়/পরিশোধযোগ্য। নারী উদ্যোক্তা/ উদ্যোক্তা সমিতি ঋণের জন্য জয়িতা ফাউন্ডেশন কার্যালয়ে সরাসরি বা সংশ্লিষ্ট ব্যাংক শাখায় আবেদন করতে পারবেন।

আবেদনের যোগ্যতা

- জয়িতা ফাউন্ডেশনের নিবন্ধিত নারী উদ্যোক্তা বা উদ্যোক্তা সমিতি
- মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থায় রেজিস্ট্রেশনকৃত নারী উদ্যোক্তাগণ
- সরকারের অন্য কোনো সংস্থা হতে প্রণোদনার আওতায় ঋণপ্রাপ্ত হননি এধরণের নারী উদ্যোক্তা
- অগ্রাধিকারভুক্ত এসএমই সাব-সেক্টর এবং ক্লাস্টারের সাথে সংশ্লিষ্ট নারী উদ্যোক্তা (ভালু চেইনের আওতাভুক্ত নারী উদ্যোক্তা)
- পশ্চাৎপদ অঞ্চল, ক্ষুদ্র নৃগোষ্ঠী, শারীরিকভাবে অক্ষম নারী উদ্যোক্তা এবং দেশের বিভিন্ন অঞ্চলে অবস্থিত ট্রেডবডি, এসএমই এসোসিয়েশন, নারী উদ্যোক্তা সংগঠন, নাসিব, নারী উদ্যোক্তা নিয়ে কাজ করে এধরণের সরকারি-বেসরকারি সংস্থাসহ জেলা ও উপজেলা প্রশাসনের সুপারিশকৃত নারী উদ্যোক্তা।

আবেদনপত্রের সাথে যে সকল কাগজ সংযুক্ত করতে হবেঃ

- জয়িতা ফাউন্ডেশনের সাথে নিবন্ধনের অনুলিপি (যদি থাকে)
- মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থায় রেজিস্ট্রেশনের অনুলিপি ২ কপি (প্রযোজ্য ক্ষেত্রে)
- জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সর্বশেষ কমিটি ও নবায়নপত্র ২ কপি (প্রযোজ্য ক্ষেত্রে)
- পাসপোর্ট সাইজের ছবি ৬ কপি
- উদ্যোক্তা/সমিতির নামে ব্যাংক হিসাব নম্বর (ব্যাংকের নাম, শাখা, হিসাব নম্বর)
- জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ২ কপি
- কর্মচারীর নাম পদবী, মাসিক বেতনের তালিকা
- স্থায়ী সম্পদের তালিকা ও মূল্য
- বর্তমানে মওজুদ মাল ও তার মূল্য তালিকা
- ১ বছরের ব্যাংক লেনদেনের হিসাব
- কারখানার ঠিকানা ও প্রয়োজনীয় সরঞ্জামের তালিকা
- বর্তমানে কোনো ব্যাংকে লোন থাকলে তার বিবরণ (ব্যাংকের নাম, শাখা, হিসাব নম্বর, ঋণের পরিমাণ)
- ব্যবসার ট্রেড লাইসেন্স

আগ্রহী এবং উপযুক্ত নারী উদ্যোক্তা/ উদ্যোক্তা সমিতি আগামী ৩১/০৩/২০২২ তারিখের মধ্যে যথোপযুক্ত প্রমাণাদিসহ জয়িতা ফাউন্ডেশন কার্যালয়ে সরাসরি অথবা e-mail (joyeetafoundation@yahoo.com) এর মাধ্যমে আবেদনপত্র দাখিল করতে পারবেন। বিস্তারিত জানতে ও জয়িতা ফাউন্ডেশনে নিবন্ধনের জন্য ভিজিট করুন www.joyeeta.gov.bd

জি-৩৫১/২২ (৮ X ৪)

নিপুল কান্তি বালু
পরিচালক (উপসচিব)
জয়িতা ফাউন্ডেশন